গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৮/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৮ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৮ ডিসেম্বর ২০১৭ ; সকাল ১১.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব উপ-পরিচালক জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ১০টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, মেন্টরগণ ইতোমধ্যে তাদের মেন্টিদের সাথে যোগাযোগ স্থাপন করে তাদের আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে উপকরণ-১৩ এর মাধ্যমে বাস্তবায়ন পরিকল্পনা সংগ্রহ করছেন । তবে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে মেন্টরগণের তৎপরতা কাঙ্খিত মাত্রার যথেষ্ট নীচে যা দ্রুত বাড়ানোর প্রয়োজন রয়েছে বলে সভায় আলোচনা হয় । কেননা সময়ের সাথে উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বেশ পিছিয়ে রয়েছে ।

সভাকে অবহিত করা হয় যে, বিগত মাসে অধিদপ্তরের ৪টি সেবাকে সহজীকরণের জন্য মহাপরিচালক মহোদয় কর্তৃক চূড়ান্ত করা হয়েছে । প্রতিটি সেবার জন্য ৪জন কর্মকর্তার সমন্বয়ে ১টি টিম গঠন করার বিষয় চিহ্নিত সেবা বাস্তবায়ন করা শাখার দৃষ্টি আকর্ষন করা হয়। সভাপতি দ্রুত শাখা ভিত্তিক টিম গঠন করে তার কপি ইনোভেশন টিমকে প্রদানের অনুরোধ জানান। ১৬ জন কর্মকর্তার সমন্বয়ে ১টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে এটুআই হতে তাগিদ প্রদান করা হলেও সংশ্লিষ্ট খাতে বরাদ্দ না থাকায় দ্রুত প্রশিক্ষণ আয়োজন সম্ভব হচ্ছে না ।

যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ Upload করা হচ্ছে । সেবা গ্রহীতার অসুবিধার কোন Post পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধান করা হচ্ছে । এ প্রক্রিয়ায় ইতোপূর্বে ৩ টি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধান করা হয়েছে । ক) ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেল ও ডাইনিং এ প্রশিক্ষণার্থীদের অভিযোগের ভিত্তিতে সমস্যা সমাধান খ) গাজীপুর কম্পিউটার কোর্সে ভর্তি সংক্রান্ত প্রশিক্ষণার্থীদের সমস্যা সমাধান গ) সুনামগঞ্জে যুব সংগঠনের রেজিস্ট্রেশনের সমস্যা সমাধান ।

ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে প্রণীত খসড়া নীতি তৈরী করা হলেও সেটিতে আরও কাজ করার অবকাশ রয়েছে । নীতিটিতে প্রয়োজনীয় সংশোধন সংযোজন করে দ্রুত কাজ করার তাগিদ থাকলে তা যথাসময়ে শেষ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । একই সাথে আগামী সভার পূর্বেই তা চূড়ান্ত করে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়।

প্রশিক্ষণ আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ এবং যুব সেবার বিষয়ে এ্যাপস তৈরীর লক্ষ্যে প্রাপ্ত ও SIF তহবিল ব্যবহার করে ডিভাইসটি সংগ্রহ যথেষ্ট বিলম্বিত হয়েছে বলে সভায় আলোচিত হয় । তবে দ্রুত কাজ শেষ করার বিষয়ে সংশ্লিষ্ট স্থানে যোগাযোগসহ কার্যকরী ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয় ।

গত এপ্রিল মাসে অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন শো-কেসিং কর্মশালার উদ্ভাবনী উদ্যোগ রেপ্লিকেশন সুপারিশ মোতাবেক প্রতিটি উপজেলায় একটি গ্রামকে বেকারমুক্ত করার লক্ষ্যে পরিকল্পনা শাখা হতে এ বিষয়ে প্রস্তুতকৃত খসড়া ডিপিপি নিয়ে আলোচনা হয় । সভ্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা প্রয়োজন অনুভূত করে এ বিষয়ে একটি বিশেষ সভা আহবানের অনুরোধ জানান ।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

সুপারিশ :

০১। মেন্টরগণ কর্তৃক মেন্টিদের কাজের কর্মপরিকল্পনা উপকরণ ১৩ এর মাধ্যমে সংগ্রহ করা এবং তা বাস্তবায়নে মনিটরিং করা ;
০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা ;
০৩। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম এবং সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৪। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে blog কে active রাখার ব্যবস্থা করা;
০৫। মাঠ পর্যায়ে ইনোভেটরদের সম্মাননা প্রদানের খসড়া নীতি আগামী ২০ তারিখের পূর্বে সম্পন্ন করার ব্যবস্থা;
০৬। Facebook ব্যবহারের জন্য ১টি মোবাইল সেট ও সিম বরাদ্দের ব্যাপারে কর্তৃপক্ষকে অনুরোধ জানানো ;
০৭। যুব উন্নয়ন অধিদপ্তরের সেবা সহজীকরণের জন্য ৪টি চুড়ান্ত সেবার জন্য ৪টি টিম গঠনের ব্যবস্থা নেয়া এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় অর্থবরাদ্দের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানানো ;
০৮। বেকার মুক্ত গ্রাম সৃজন প্রকল্পের ডিপিপির উপর আলোচনার জন্য ইনোভেশন টিমের বিশেষ সভা আহবান।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৯/০১/১৮
(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-০৫ তারিখঃ০৯/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। সংশ্লিষ্ট নথি।

০৯/০১/২০১৮
(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

২৮/১২/২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ উপ-পরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (প্রোগ্রামার)	স্বাক্ষরিত
৩	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপ-পরিচালক(অর্থ ও অডিট)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ আতিকুর রহমান উপ-পরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৫	জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপ-পরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৭	জনাব ফরহাত নূর উপ-পরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৮	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত